

**B.A. 5th Semester (Honours) Examination, 2019**

বিষয় : বাংলা

পত্র : CC-12

(প্রবন্ধ ও প্রাচ্য কাব্যতত্ত্ব)

সময়: ৩ ঘণ্টা

পূর্ণমান: ৬০

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।  
পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

১। নিম্নলিখিত যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও :

২×১০=২০

- (ক) 'আমি স্পষ্ট দেখতে পেলুম, সে হাসছে...'—কে, কী দেখে হাসছে?
- (খ) বাংলাদেশের নব্যযুবকের কুরুচির কোন কোন দোষগুলি বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় তাঁর প্রবন্ধে উল্লেখ করেছেন?
- (গ) দেশে বিদেশে নারী সমস্যা ক্রমেই জটিল হয়ে উঠছে কেন?
- (ঘ) 'সেরাজদ্দৌলা' গ্রন্থের লেখক কে? তাঁর গ্রন্থটির বিশিষ্টতা কোথায়?
- (ঙ) কুমারীরতে 'আহরণ' বলতে কী বোঝায়?
- (চ) প্রমথ চৌধুরী 'আমাদের ভাষাসংকট' প্রবন্ধে 'লৌকিক চুরি' ও 'সাহিত্যিক চুরি' বলতে কোন ঘটনাকে বুঝিয়েছেন?
- (ছ) 'পঞ্চতন্ত্র' গ্রন্থের লেখকের নাম কী? গ্রন্থটি কী উদ্দেশ্যে লেখা হয়েছিল?
- (জ) নিঃশব্দে কবিতা নির্মিত হয় কখন?
- (ঝ) অলংকারশাস্ত্রে 'বৃত্তি' ও 'কারিকা' বলতে কী বোঝায়?
- (ঞ) 'কাব্যজিজ্ঞাসা'র আলোচ্য বিষয় কী?
- (ট) রসনিষ্পত্তি বিষয়ে ভারতের শ্লোকাংশটির উল্লেখ করো এবং তাঁর অর্থ লেখো।
- (ঠ) সিদ্ধরস কাকে বলে? একটি উদাহরণ দাও।
- (ড) কাব্যনির্মাণ কৌশলের কটি ভাগ ও কী কী?
- (ঢ) বার্ষ্পত্য কারা?
- (ণ) রসধ্বনি কাকে বলে? একটি উদাহরণ দাও।

২। নিম্নলিখিত যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

৫×৪=২০

- (ক) ধ্বনি কাকে বলে? রসধ্বনি অন্য ধ্বনিগুলির অপেক্ষা শ্রেষ্ঠ কেন? ১+৪=৫
- (খ) বিভাব কাকে বলে? বিভাব কয়প্রকার ও কী কী? রসসৃষ্টি প্রক্রিয়ায় এগুলির গুরুত্ব নিরূপণ করো। ১+১+৩=৫
- (গ) 'বাচ্য বা বক্তব্য এক অথচ ধ্বনির অভাবে একটি বাক্য কাব্য নয়, আর ধ্বনি আছে বলে অন্য বাক্যটি শ্রেষ্ঠ কাব্য'—এর সপক্ষে ব্যাখ্যা সহ দুটি উদাহরণ দাও।
- (ঘ) 'লোকশিক্ষা' প্রবন্ধে বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় লোকশিক্ষার উপায় হিসেবে যে-সব কারণ নির্দেশ করেছেন সেগুলি সংক্ষেপে লেখো।

- (ঙ) বাংলাদেশে হিন্দু-মুসলমানের মধ্যে সম্পর্ক কেমন তা তোমাদের পাঠ্য প্রবন্ধ অনুসরণে লেখো।
- (চ) 'বাংলার কাব্যসৃষ্টির প্রথম প্রকাশ তাই বৌদ্ধ দোহায়' —প্রাবন্ধিক তাঁর এই সিদ্ধান্তের পক্ষে যে-সব যুক্তি দিয়েছেন তা সংক্ষেপে লেখো।

৩। (ক) অথবা (খ)-এর মধ্যে একটি এবং (গ) অথবা (ঘ)-এর মধ্যে একটি প্রশ্নের উত্তর দাও :

১০×২=২০

- (ক) একের কামনা দশের মধ্যে প্রবাহিত হয়ে এক একটা অনুষ্ঠান কীভাবে হয়ে উঠেছে তা প্রাসঙ্গিক প্রবন্ধ অনুসরণে দৃষ্টান্তসহ আলোচনা করো।

অথবা

- (খ) বাংলা ভাষার সংকট দেখা দিয়েছে কী কারণে? এই সংকট-কে প্রকৃত ভাষা-সংকট বলা যায় কিনা এ বিষয়ে তোমার অভিমত ব্যক্ত করো।

২+৮=১০

- (গ) 'কাব্যম্ গ্রাহমলংকারাৎ'—মতবাদটি ব্যাখ্যা করো।

অথবা

- (ঘ) 'কাব্যের আত্মা ধ্বনি বলে যাঁরা আরম্ভ করেছেন, কাব্যের আত্মা রস বলে তাঁরা উপসংহার করেছেন'—এঁদের বক্তব্যে স্ববিরোধ আছে কি না তা সবিস্তারে লেখো।